ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র



# রোজদিন




বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

ROSEDIN ● Vol. - 1 ● Issue - 8 ● Prgi No. : WBBEN/25/A1189 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/

ই-পেপার ● বর্ষ ঃ ৫ ● সংখ্যা ঃ ১৬৪ ● কলকাতা ● ০৩ আষাঢ়, ১৪৩২ ● বুধবার ● ১৮ জুন ২০২৫ ● পৃষ্ঠা - ৮ ● মূল্য - ৫ টাকা

## ১৮ জুলাই থেকে শুরু কলেজ অন লাইন ভর্তি - জানালেন ব্রাত্য বসু



**বেবি চক্রবর্ত্তী: কলকাতা**

মঙ্গলবার শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু জানালেন যে, আগামীকাল থেকে উচ্চ-মাধ্যমিক পাশ করা প্রার্থীরা কলেজে ভর্তি হওয়া শুরু করতে পারবে। বুধবার (১৮ জুন) সকাল ১০টা থেকে অনলাইনে আবেদনের জন্য সেন্ট্রালাইজড অ্যাডমিশন পোর্টাল খুলে দেওয়া হচ্ছে বলে মঙ্গলবার সাংবাদিক বৈঠকে জানালেন শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু। প্রথম দফায় অনলাইনে আবেদন করা যাবে

এরপর ৩ পৃষ্ঠায়


# শ্রমিকদের পুশব্যাক নিয়ে সরব মমতা



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

বাংলায় কথা বললেই বাংলাদেশি তকমা দেওয়া হচ্ছে।' পশ্চিমবঙ্গের পরিযায়ী শ্রমিকদের পুশব্যকের ঘটনায় সোমবার বিধানসভায় তীব্র ক্ষোভে ফেটে পড়লেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। মুর্শিদাবাদের ৪ ও পূর্ব বর্ধমানের এক পরিযায়ী শ্রমিককে বাংলাদেশে পুশব্যাক করার ঘটনায় বিজেপি শাসিত মহারাষ্ট্র সরকারের বিরুদ্ধে সরাসরি আঙুল তুললেন মুখ্যমন্ত্রী।এদিকে সামিরুল ইসলাম অভিযোগ করেন, মুম্বই পুলিশ বা বিএসএফ কেউই পশ্চিমবঙ্গ সরকারকে ঘটনার কথা জানায়নি। বিষয়টি সরাসরি রাজ্যের পরিযায়ী শ্রমিক কল্যাণ পর্ষদের হস্তক্ষেপেই সামনে আসে এবং শ্রমিকদের ফিরিয়ে আনা সম্ভব হয়। তবে রাজ্য প্রশাসনের তরফ থেকে পরবর্তী পদক্ষেপ কী হবে তা এখনও স্পষ্ট নয়। মুখ্যমন্ত্রীর হস্তক্ষেপে পরিস্থিতি আংশিকভাবে সামাল দেওয়া গেলেও কেন্দ্রীয় সরকারের নীরবতা নিয়েও প্রশ্ন তুলেছেন শাসকদল।তিনি বলেন, 'বাংলা ভাষায় কথা বললেই বাংলাদেশে পাঠিয়ে দেওয়া

এরপর ৩ পাতায়






# পার্থ থাকলে আমি মিটিংয়ে থাকব না', তৃণমূলের ২ সাংসদের দ্বন্দ্ব প্রকাশ্যে





**স্টাফ রিপোর্টার, রোজদিন**

একুশের জুলাইয়ের প্রস্তুতি সভাতেই প্রকাশ্যে এল তৃণমূলের দুই সাংসদের দ্বন্দ্ব। ব্যারাকপুরের সাংসদ পার্থ ভৌমিককে তোপ দাগলেন রাজ্যসভার সাংসদ তথা তৃণমূলের বনগাঁ সাংগঠনিক জেলার চেয়ারম্যান মমতাবালা ঠাকুর। একুশে জুলাইয়ের প্রস্তুতি সভা থেকেই মমতাবালা বলে দিলেন, পার্থ ভৌমিক যে মিটিংয়ে থাকবেন, সেখানে তিনি যাবেন না।মমতাবালার বক্তব্য নিয়ে পার্থ ভৌমিকের সঙ্গে যোগাযোগ করা হলে তিনি কোনও মন্তব্য করতে চাননি। জানিয়ে দেন, যা বলার বিশ্বজিৎ ভৌমিক বলবেন। প্রকাশ্য মঞ্চে মমতাবালার বক্তব্যে অস্বস্তিতে পড়েছে রাজ্যের শাসকদল। তবে তাঁর বিরুদ্ধে মমতাবালার মন্তব্য নিয়ে মুখে কুলুপ এঁটেছেন পার্থ ভৌমিক।

সোমবার গোবরডাঙা টাউনহলে একুশে জুলাইয়ের প্রস্তুতি সভা ছিল তৃণমূলের। সেখানে তৃণমূলের বনগাঁ সাংগঠনিক জেলার সভাপতি বিশ্বজিৎ দাসের উপস্থিতিতে দলের কর্মীদের উদ্দেশে মমতাবালা বলেন, "আমি আগের মিটিংয়ে উপস্থিত ছিলাম না। কেন ছিলাম না, সেকথা কি আপনারা জানেন? বিশ্বজিৎ আমায় ফোন করে বলেছিল, বৌদি একটা মিটিং করতে হবে। মঙ্গলবার করি। আমি বলেছিলাম, ঠিক আছে। কেন মিটিং করতে হবে, আমি জিজ্ঞাসা করিনি। বিশ্বজিৎও বলেনি। তার আধঘণ্টার মধ্যে দিল্লি থেকে ফোন আসে। বলা হয়, দিল্লি আসতে হবে। আমি তখন বিশ্বজিৎকে ফোন করে বলি, মিটিংটা বাতিল কর। আমি দিল্লি থেকে আসি, তারপর মিটিং হবে। বিশ্বজিৎ কয়েক মিনিট পর আমায় ফোন করে বলে, বৌদি পার্থ ভৌমিকের সঙ্গে আমার কথা হয়েছে। পার্থ ভৌমিক আমায় মিটিং করতে বলেছে। বৌদি যদি থাকে তো ভাল কথা, না হলে দ্বিতীয় মিটিংয়ে থাকবে।"

একুশে জুলাইয়ের প্রস্তুতি সভা থেকেই পার্থ ভৌমিককে আক্রমণ করেন মমতাবালা ঠাকুর এরপরই পার্থকে তোপ দেগে মমতাবালা ঠাকুর বলেন, "বিশ্বজিতের মুখে এই কথা শোনার পর আমি পার্থ ভৌমিককে তিনবার ফোন করেছি। পার্থ ভৌমিক কোন দায়িত্বে আছেন, আমার জানা নেই। বিশ্বজিৎ কেনই বা তাঁকে ফোন করল, তাও জানি না। আর যদি দায়িত্ব নিতে হয়, তাহলে পার্থ ভৌমিক এসে মিটিং করবেন। আর সেই মিটিংয়ে আমি থাকব না। তার কারণ, পার্থ ভৌমিক ওখান থেকে বলবেন, আর এখানে মিটিং হবে, আর সেখানে আমি থাকব, এটা হবে না। এর থেকে আমি দলকে বলব, আমি রাজ্যসভার সাংসদ হয়ে মানুষের জন্য কাজ করে যাব।"

# চোরাই মোবাইলসহ পুলিশের জালে এক যুবক

**পার্থ ঝা,মালদা**




চোরাই মোবাইল ফোন সহ গ্রেফতার এক যুবক।

গোপন সূত্রের খবর পেয়ে, মালদা জেলার মানিকচক থানার পুলিশ থানার আইসি সুবীর কর্মকারের নেতৃত্বে এ এস আই পীযুষ মন্ডল সহ পুলিশ কর্মীরা মথুরাপুর হাট সংলগ্ন একটি আম বাগানে হানা দেয় পুলিশ। যেখানে সন্দেহজনক ভাবে এক যুবক একটি ব্যাগ নিয়ে ঘোরাফেরা করছিল। যুবককে আটক করে পুলিশ তল্লাশি চালায় তার কাছ থেকে ছটি নামিদামি কোম্পানির মোবাইল ফোন উদ্ধার করা হয়। পুলিশের প্রাথমিক অনুমান মোবাইলগুলি চুরি করে আনা হয়েছিল অবৈধভাবে বিক্রির উদ্দেশ্যে। ধৃত ব্যাক্তির নাম শ্যামল মন্ডল।বাড়ি মথুরাপুর সুভাষ কলোনি এলাকায়।পুলিশের আরও অনুমান ধৃত ব্যক্তি মোবাইল চুরির চক্রের সঙ্গে যুক্ত রয়েছেন। এই ঘটনার পিছনে আরও কারা কারা রয়েছে সে সমস্ত বিষয়ে তদন্ত চালাচ্ছে মানিকচক থানার পুলিশ। মঙ্গলবার যে ধৃতকে মালদা জেলা আদালতে পেশ করেছে মানিকচক থানা পুলিশ।







(১ম পাতার পর)

# শ্রমিকদের পুশব্যাক নিয়ে সরব মমতা

হচ্ছে। আধার, প্যান-সহ সমস্ত ভারতীয় পরিচয়পত্র দেখানো সত্ত্বেও শুধুমাত্র ভাষার ভিত্তিতে এই অন্যায় হচ্ছে। আমি এর তীব্র প্রতিবাদ জানাই।' (জিআই সেপসিসের পাশাপাশি উদ্বেগ বাড়াচ্ছে আরও এক রোগ, এখন কেমন আছেন অভিজিৎ?)

ঘটনার সূত্রপাত মহারাষ্ট্রে। জানা গিয়েছে, কাজের সন্ধানে মুম্বইয়ে যাওয়া পাঁচজন শ্রমিক মিনারুল শেখ, নাজিমুদ্দিন মণ্ডল, মেহবুব শেখ, ডাবলু শেখ এবং মুস্তফা কামাল স্থানীয় পুলিশের হাতে আটক হন। অভিযোগ, শুধুমাত্র বাংলায় কথা বলায় তাঁদের বাংলাদেশি হিসেবে চিহ্নিত করে পরিচয় যাচাই না করেই বিএসএফের কাছে হস্তান্তর করা হয়। বিএসএফও যাচাই না করেই ৫ জনকে কোচবিহার সীমান্ত দিয়ে বাংলাদেশে ঠেলে দেয়। সেখানেই বিজিবি তাঁদের আটক করে লালমনিরহাটে নিয়ে যায়। ( ডিএ মামলায় 'কোণঠাসা' রাজ্য? সরকারের 'খরচ' বাঁচানোর চাবিকাঠি ছিল কর্মীদের হাতেই)

বিষয়টি সামনে আসে ১০ জুন। মুখ্যমন্ত্রীর নির্দেশে রাজ্যের অভিবাসী শ্রমিক কল্যাণ পর্ষদ ও প্রশাসন সক্রিয় হয়। রাজ্যসভার সাংসদ ও পর্ষদের চেয়ারম্যান সামিরুল ইসলাম জানান, তাঁদের বৈধ পরিচয়পত্র থাকা সত্ত্বেও বাংলাদেশে পাঠিয়ে দেওয়া হয়েছে, এটা একেবারেই অনৈতিক। বিষয়টি মুখ্যমন্ত্রীকে জানানো মাত্র তিনি কেন্দ্রকে অবহিত করতে বলেন এবং ফিরিয়ে আনার নির্দেশ দেন। (২৭ জুনের মধ্যে ২৫% বকেয়া ডিএ না মেটালে 'এর দাম দিতে হবে' রাজ্য সরকারকে)

শনিবার ওই শ্রমিকদের মধ্যে তিনজন মিনারুল, নাজিমুদ্দিন ও মুস্তফা একটি ভিডিয়ো বার্তার মাধ্যমে মুখ্যমন্ত্রীর কাছে দেশে ফেরার আবেদন জানান। এরপর বিএসএফ-বিজিবি যৌথ 'ফ্ল্যাগ মিটিং'-এর মাধ্যমে রবিবার বিকেলে তাঁদের ভারতে ফিরিয়ে আনা হয়। বর্তমানে তাঁরা কোচবিহারের মেখলিগঞ্জে রয়েছেন। বাকি দু'জন ডাবলু শেখ ও মেহবুব শেখ বিজিবি হেফাজতে রয়েছেন, সোমবার তাঁদের ফিরিয়ে আনার সম্ভাবনা রয়েছে। মেখলিগঞ্জ থানার ওসি মণি ভূষণ সরকার জানান, বিকাল চারটের সময় তিনজনকে ভারতের কাছে হস্তান্তর করা হয়। তাঁরা খুবই ক্লান্ত এবং মানসিকভাবে বিপর্যস্ত। এই ঘটনার জেরে রাজ্যজুড়ে শুরু হয়েছে তীব্র রাজনৈতিক বিতর্ক। মমতা বন্দ্যোপাধ্যায় বিধানসভায় বলেন, যেখানে বিজেপির ডবল ইঞ্জিন সরকার রয়েছে, সেখানেই এ ধরনের ঘটনা ঘটছে। এটা ভাষাভিত্তিক বৈষম্য। এটা রাজ্যবাসীর অপমান। তিনি আরও বলেন, মহারাষ্ট্র সরকার বাংলা ভাষার জন্য কাউকে বাংলাদেশি বললে তা গোটা বাংলাকে বাংলাদেশি বলার শামিল। এটা মেনে নেওয়া যায় না। (সোফিয়া কুরেশিকে নিয়ে আপত্তিকর কথায় পুড়েছিল দলের মুখ, নেতাদের সতর্ক করলেন শাহ)

(১ম পাতার পর)

# ১৮ জুলাই থেকে শুরু কলেজ অন লাইন ভর্তি - জানালেন ব্রাত্য বসু

১ জুলাই পর্যন্ত। একজন পড়ুয়া পছন্দের সর্বোচ্চ ২৫টি কলেজে ভর্তির আবেদন করতে পারবেন। এই বছর ১৭টি বিশ্ববিদ্যালয়ের অধীনস্থ ৪৬০ কলেজে ভর্তি প্রক্রিয়া চলবে। তবে সেন্ট্রালাইজড এই ভর্তি ব্যবস্থার বাইরে থাকছে প্রেসিডেন্সি, যাদবপুর এবং স্বায়ত্তশাসিত কলেজগুলি। সংখ্যালঘু কলেজ, আইন কলেজও এই ভর্তি প্রক্রিয়ার বাইরে থাকছে। এদিন ব্রাত্য বসু জানান, একবার মাত্র আবেদনের ভিত্তিতে পছন্দের একাধিক কলেজে আবেদনের সুযোগ পাচ্ছেন পড়ুয়ারা। আবেদন করা যাবে বিনামূল্যে। প্রথম দফায় আবেদনের সময়সীমা পেরিয়ে যাওয়ার একটি নির্দিষ্ট সময়ের পর সব কলেজের সমস্ত বিষয়ে সিস্টেম জেনারেটেড মেধাতালিকা প্রকাশিত হবে এই পোর্টালে।

তিনি আরও জানান, প্রভিশনাল অ্যাডমিশনের জন্য কোনও পড়ুয়াকে সশরীরে কলেজে যেতে হবে না। প্রথম দফায় ভর্তির পর ফাঁকা আসনের ভিত্তিতে পুনরায় মেধাতালিকা প্রকাশ করা হবে। অনলাইনে আবেদনের ক্ষেত্রে অসুবিধায় পড়লে পড়ুয়াদের জন্য সহায়তা কেন্দ্রও খোলা হয়েছে। সহায়তা কেন্দ্রের নাম বীণা। পড়ুয়াদের জন্য একটি হেল্পলাইন নম্বরও দেওয়া হয়েছে। নম্বরটি হল-১৮০০১০২৮০১৪।

শিক্ষামন্ত্রী জানিয়েছেন, O B C সংক্রান্ত মামলার প্রভাব এই ভর্তি প্রক্রিয়ায় পড়বে না। গত ৭ মে উচ্চমাধ্যমিকের ফল প্রকাশিত হয়েছে। কলেজে ভর্তি প্রক্রিয়া এখনও কেন শুরু হয়নি, তা নিয়ে প্রশ্ন উঠছিল। তবে শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু কয়েকদিন আগেই জানিয়েছিলেন, যথাসময়ে কলেজে ভর্তির আবেদনের জন্য পোর্টাল খুলে দেওয়া হবে। যুক্তি দিয়ে তিনি বোঝান, গত বছর ১৯ জুন পোর্টাল খোলা হয়েছিল। ফলে ভর্তি প্রক্রিয়া শুরুর ক্ষেত্রে কোনও দেরি হয়নি।

## হঠাৎ নিয়ম বদল: রান্নার গ্যাস পেতে এবার বাধ্যতামূলক বায়োমেট্রিক ভেরিফিকেশন, গ্রাহকদের তীব্র ক্ষোভ



স্টাফ রিপোর্টার, রোজদিন

আগামী কোনও সরকারি ঘোষণা বা নোটিশ ছাড়াই রান্নার গ্যাস পেতে এবার থেকে বাধ্যতামূলক করা হয়েছে বায়োমেট্রিক ভেরিফিকেশন। এই নতুন নিয়ম কার্যকর হওয়ায় বুকিং করা সিলিন্ডার ডেলিভারি না হওয়ায় হাজার হাজার পরিবার পড়েছেন চরম সমস্যায়। হঠাৎ করে নিয়ম বদলে গ্রাহকদের মধ্যে ছড়িয়েছে তীব্র অসন্তোষ।

বর্ধমান শহরের খোসবাগান এলাকায় বৃহস্পতিবার সকাল থেকেই বহু গ্রাহক লম্বা লাইনে দাঁড়িয়ে রয়েছেন বায়োমেট্রিক ভেরিফিকেশনের জন্য। তাঁদের অভিযোগ, "বুকিং করা সত্ত্বেও সিলিন্ডার মিলছে না। ডিলার হঠাৎই জানাচ্ছেন, বায়োমেট্রিক না থাকলে ডেলিভারি হবে না।"

কোনও আগাম বিজ্ঞপ্তি ছাড়াই নিয়ম কার্যকর!

গ্রাহকদের দাবি, এই ধরনের গুরুত্বপূর্ণ পরিবর্তনের আগে সরকারি স্তরে নোটিশ দেওয়া উচিত ছিল। কেউই জানতেন না এই নিয়ম চালু হয়েছে, ফলে অনেকেই মোবাইলে OTP বা ফিঙ্গারপ্রিন্ট যাচাই করতে না পেরে সমস্যায় পড়ছেন, বিশেষ করে প্রবীণ নাগরিকরা।

এক প্রবীণ গ্রাহক জানান, "আমি নিজে মোবাইল অ্যাপ ব্যবহার জানি না। হঠাৎ জানানো হচ্ছে ফিঙ্গারপ্রিন্ট না দিলে সিলিন্ডার দেওয়া যাবে না। এটা কী ধরনের নিয়ম?"

৩০ তারিখের মধ্যে বাধ্যতামূলক, না হলে বন্ধ হবে বুকিং

গ্যাস সংস্থাগুলি জানিয়েছে, ৩০

এরপর ৪ পাতায়

# সম্পাদকীয়

## কয়লা মন্ত্রক ২০০-তম কয়লা খনি বন্টনের সাফল্য অর্জন করলো

কয়লা মন্ত্রক ২০০-তম কয়লা খনি বন্টনের ঐতিহাসিক মাইল ফলক অর্জন করেছে। ভারতের কয়লা খনি ক্ষেত্রে রূপান্তরের নিরলস প্রয়াস এর মধ্যে দিয়ে ফুটে ওঠে। সিংহল বিজনেস প্রাইভেট লিমিটেডকে মারওয়াটোলা- দ্বিতীয় কয়লা খনি বন্টনের আদেশনামা জারি হওয়ার মধ্যে দিয়ে ক্ষেত্রগত সংস্কার এগিয়ে নিয়ে যাওয়ার ক্ষেত্রে কয়লা মন্ত্রকের দায়বদ্ধতা ফুটে ওঠে। এর পাশাপাশি বেসরকারি ক্ষেত্রের অংশগ্রহণকে জোরদার করা এবং কয়লা উৎপাদনে জাতীয় স্বনির্ভরতা অর্জনের লক্ষ্যেও গতি সঞ্চারিত হয়। এই সাফল্যের ফলে কয়লা মন্ত্রক আরও স্থিতিস্থাপক, পরিচ্ছন্ন এবং ভবিষ্যৎ বান্ধব কয়লা পরিমণ্ডল গড়ে তোলার ক্ষেত্রকে প্রশস্ত করার প্রক্রিয়া চালিয়ে যাচ্ছে।

এই উপলক্ষ্যে এবং এই মাইল ফলক অর্জনে গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করায় শিল্প অংশীদারদেরকে কর্তৃপক্ষের তরফ থেকে কৃতজ্ঞতা জানানো হয়েছে। বিনিয়োগের অনুকূল বাতাবরণ গড়ে তোলার পাশাপাশি পদ্ধতিগত বাধা দূর করা এবং দেশ জুড়ে কয়লা খনিগুলি থেকে দক্ষতার সঙ্গে কয়লা উৎপাদনকে পরিচালনযোগ্য করে তোলায় মন্ত্রকের দায়বদ্ধতা এর মধ্যে দিয়ে স্বীকৃত।

কেবলমাত্র সংখ্যাগত দিক থেকেই নয়, এই মাইল ফলক অর্জন আরও গভীর তাৎপর্যমণ্ডিত। এর মধ্যে দিয়ে মন্ত্রকের ভবিষ্যৎ দৃষ্টিভঙ্গী এবং অভ্যন্তরীণ কয়লা উৎপাদন বৃদ্ধির প্রয়াস ফুটে ওঠে যা দেশের দীর্ঘস্থায়ী শক্তি সুরক্ষার ক্ষেত্রে এক ইতিবাচক বার্তা বহন করে। কারণ, কয়লা আমদানি কমাতেও তা সাহায্য করবে। এই জাতীয় উদ্যোগ আর্থিক বৃদ্ধি এবং কৌশলগত স্বশাসনের প্রয়াসকেও বাড়তি শক্তি যোগাবে।

বিগত কয়েক বছর ধরে কয়লা মন্ত্রক রূপান্তরমূলক সংস্কারের নানা উদ্যোগ নিয়েছে। বাণিজ্যিক কয়লা খনন থেকে শুরু করে এক জানালা ছাড়পত্র ব্যবস্থা চালু সহ ডিজিটাল নজরদারি ও পরিচালনগত ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এই জাতীয় ব্যবস্থাসমূহ যৌথভাবে কয়লা ক্ষেত্রের পরিচালনগত প্রেক্ষাপটকে নতুন দিশা মণ্ডিত করবে। বেসরকারি উদ্যোগগুলির জন্য নতুন সম্ভাবনার সুযোগ খুলে দেওয়ার পাশাপাশি আরও পরিচ্ছন্ন ও নির্ভরযোগ্য তদুপরি সম্পদ উন্নয়নে ভবিষ্যৎ বান্ধব পরিকাঠামো গড়ে তুলতে তা সহায়ক ভূমিকা পালন করবে।

## কোজাগরী লক্ষ্মী পূজা সঠিকভাবে পালন করলে বহু ফল পাওয়া যায় মানব জীবনে



মৃত্যুঞ্জয় সরদার
(একান্নতম পর্ব)



মালিক হয়ে উঠতে চান, তাহলে শুধু শুক্রবার নয়, প্রতিদিন লক্ষ্মী মহা মন্ত্রটি জপ করতে ভুলবেন না যেন!খারাপ শক্তির প্রকোপ কমে যায়: ১. অনেক অনেক টাকার মালিক হয়ে ওঠার স্বপ্ন পূরণ হয়:মা লক্ষ্মী হলেন অর্থ এবং সমৃদ্ধির দেবী। তাই তো মাকে একবার প্রসন্ন করতে পারলে বড়লোক হয়ে ওঠার স্বপ্ন পূরণ হতে সময় লাগে না। শুধু তাই নয়, এমনটাও বিশ্বাস করা হয় যে এই মন্ত্রটি পাঠ করা শুরু করলে টাকা-পয়সা সংক্রান্ত যে কোনও সমস্যা মিটে যেতে সময় লাগে না। সেই সঙ্গে সঞ্চয়ের পরিমাণও বৃদ্ধি পায়। তাই তো বলি বন্ধু, জীবনের

**ক্রমশঃ**

**(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)**

(৩ পাতার পর)

## হঠাৎ নিয়ম বদল: রান্নার গ্যাস পেতে এবার বাধ্যতামূলক বায়োমেট্রিক ভেরিফিকেশন, গ্রাহকদের তীব্র ক্ষোভ

জুনের মধ্যে প্রত্যেক গ্রাহককে বায়োমেট্রিক ভেরিফিকেশন সম্পূর্ণ করতে হবে। না হলে গ্যাস বুকিং বাতিল হয়ে যাবে। তবে, এই নির্দেশনা কোনও সরকারি বিজ্ঞপ্তিতে এখনও পর্যন্ত প্রকাশ পায়নি, যার ফলে পরিস্থিতি আরও জটিল হয়ে উঠেছে।

যাঁদের বাড়িতে একটিমাত্র সিলিন্ডার রয়েছে, তাঁদের পরিস্থিতি সবচেয়ে করুণ। বিকল্প কোনও রান্নার ব্যবস্থা না থাকায় চুলা বন্ধ হয়ে গেছে বহু বাড়িতে। বর্ধমান, হুগলি, নদিয়া, মালদহ সহ রাজ্যের বহু জেলায় এই সমস্যা ছড়িয়ে পড়েছে।

গ্রাহকদের একাংশ বলছেন, "যদি বায়োমেট্রিক ভেরিফিকেশন বাধ্যতামূলকই করা হয়, তাহলে কেন লোকাল গ্যাস অফিসে আগাম বোর্ড ঝুলিয়ে বা মিডিয়াতে প্রচার করা হলো না? এমন গোপনে নিয়ম বদল মানা যায় না।"

এ প্রসঙ্গে স্থানীয় প্রশাসনের তরফে এখনো কোনও আনুষ্ঠানিক বক্তব্য পাওয়া যায়নি।

রান্নার গ্যাসের মতো একটি প্রয়োজনীয় পরিষেবা হঠাৎ করে বায়োমেট্রিক নির্ভর হয়ে পড়ায় হাজার হাজার পরিবার সমস্যায় পড়েছেন। বায়োমেট্রিক বাধ্যতামূলক করতে গেলে সরকারের উচিত ছিল আগে জনগণকে সচেতন করা। এখন সময়মতো ব্যবস্থা না নিলে পরিস্থিতি আরও ভয়াবহ হতে পারে।

## বাংলা হচ্ছে মাতৃ শক্তি উপাসনার সেরা ভূমি



**-: মৃত্যুঞ্জয় সরদার :-**

সম্ভবত হরপ্পা সভ্যতা থেকে চলে আসছে, কারণ ঊষার বোধন হত। ঊষার উপাসনায় বোধন ছিল এবং সেটা শরৎকালেই হত সুকুমার সেন জানাচ্ছেন, যদিও বৈদিক যজ্ঞকাণ্ডে ঊষার কোনও স্থান ছিল না, তাঁর নামে কোনও হোম হত না (৩: ১১৯)।

**ক্রমশঃ**


## • সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# এবার বোমার হুমকিতে কোচি-দিল্লি ইন্ডিগো ফ্লাইটের নাগপুরে জরুরি অবতরণ, যাত্রীরা নিরাপদে

বেবি চক্রবর্তী

মঙ্গলবার সকালে ইন্ডিগোর একটি কোচি-দিল্লি যাত্রীবাহী বিমান (ফ্লাইট 6E 2706) বোমার হুমকির জেরে নাগপুর বিমানবন্দরে জরুরি অবতরণ করতে বাধ্য হয়। বিমানটি সময়মতো নাগপুরে নিরাপদে অবতরণ করে সকাল ৯টা ২০ মিনিট নাগাদ, এবং সব যাত্রীকে সুরক্ষিতভাবে নামিয়ে আনা হয়। এখনও পর্যন্ত কোনো হতাহতের খবর নেই।

নাগপুরের উপ-কমিশনার অফ পুলিশ (ডিসিপি) লোহিত মাতানির কথায়, "মুস্কট-কোচি-দিল্লি রুটের ইন্ডিগো ফ্লাইট 6E 2706-এ একটি বোমার হুমকি পাওয়ার পর নাগপুরে জরুরি অবতরণ করা হয়েছে। সব যাত্রীকে নিরাপদে নামিয়ে আনা হয়েছে। বিমানটিতে এখনও পর্যন্ত কিছু সন্দেহজনক পাওয়া যায়নি, তবে তদন্ত চলছে।"

ফ্লাইটটিতে কতজন যাত্রী ছিলেন, তা নিয়ে এখনও



কোনও নির্দিষ্ট সরকারি ঘোষণা হয়নি, তবে বিমানবন্দরের নিরাপত্তা বিভাগ ও বম্ব স্কোয়াড পুরো বিমানটি তল্লাশি চালাচ্ছে। ঘটনার খবর পাওয়ার সঙ্গে সঙ্গে সিআইএসএফ, এনএসজি ও স্থানীয় পুলিশ একযোগে কাজ শুরু করেছে।

একাধিক বোমাতঙ্কের ঘটনা

এই ঘটনার আগের দিনও একাধিক আন্তর্জাতিক ফ্লাইটে বোমার হুমকির খবর সামনে এসেছে।

জার্মানি থেকে হায়দরাবাদগামী লুফথানসার একটি বিমান (ফ্লাইট LH752) রবিবার সন্ধ্যায় মাঝ আকাশ থেকে ঘুরে ফিরে আসে ফ্র্যাঙ্কফুর্টে।

বিমানটি দুপুর ২:১৪-এ জার্মানি থেকে ছাড়ে এবং প্রাথমিকভাবে খবর আসে যে বোমার হুমকির জেরেই সেটি ফিরে গেছে। যদিও পরে লুফথানসা কর্তৃপক্ষ জানায়, হায়দরাবাদ এয়ার ট্রাফিক কন্ট্রোল থেকে 'ল্যান্ডিং ক্লিয়ারেন্স' না পাওয়াতেই এই সিদ্ধান্ত নেওয়া হয়।

বারংবার এই ধরণের বোমাতঙ্কের ঘটনার ফলে বড় প্রশ্ন উঠছে আন্তর্জাতিক ও অভ্যন্তরীণ উড়ান নিরাপত্তা নিয়ে। যদিও এখন পর্যন্ত সব কটি ঘটনায় যাত্রীদের কোনও ক্ষতি হয়নি, তবু ধারাবাহিকতার ফলে আতঙ্ক তৈরি হচ্ছে যাত্রীদের মধ্যে।

নাগপুরে ইন্ডিগো ফ্লাইটের সফল জরুরি অবতরণ প্রশাসনের দ্রুত পদক্ষেপ এবং নিরাপত্তা ব্যবস্থার সাফল্যের পরিচয় দিয়েছে। তবে কেন্দ্রীয় এবং আন্তর্জাতিক স্তরে বোমা হুমকি সংক্রান্ত তদন্ত এবং গোয়েন্দা নজরদারি আরও জোরদার করার দাবি তুলেছেন বিশেষজ্ঞরা।

## শুভেন্দু বললেন - 'এটা ম্যান মেড অগ্নিকান্ড'



বেবি চক্রবর্তী: কলকাতা

বাম আমলে মমতা বন্দ্যোপাধ্যায়ের আবিষ্কার করা স্লোগান 'ম্যান মেড বন্যা'কে নতুন রূপে সামনে আনলেন এক সময় তারই শিষ্য শুভেন্দু। খিদিরপুরে এক বিধ্বংসী অগ্নিকাণ্ড রাজ্যজুড়ে চাঞ্চল্যের সৃষ্টি করেছে। রবিবার রাতে খিদিরপুরের একটি বাণিজ্যিক এলাকার ঘিঞ্জি গলিতে হঠাৎ করে আগুন লেগে যায়। আগুন এতটাই ভয়াবহ ছিল যে ফায়ার সার্ভিসের একাধিক ইঞ্জিন ঘটনাস্থলে পৌঁছেও পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে হিমশিম খায়। এখনও পর্যন্ত বেশ কয়েকটি দোকান পুড়ে ছাই হয়ে গিয়েছে, ক্ষতিগ্রস্ত বহু ব্যবসায়ী। এই ঘটনার জেরে ক্ষোভে ফেটে পড়েছে স্থানীয় বাসিন্দারা। অনেকে অভিযোগ করেছেন, অগ্নিনির্বাপণ ব্যবস্থার মারাত্মক ঘাটতি এবং প্রশাসনের ঢিলেমির কারণেই আগুন এত বড় আকার নিয়েছে।

ঘটনাস্থল পরিদর্শন করতে গিয়ে রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী আগুনকে 'ম্যান মেড' বা 'মানুষ দ্বারা পরিকল্পিত' বলে অভিহিত করেন। তিনি সাংবাদিকদের মুখোমুখি হয়ে বলেন, "এটি কোনও দুর্ঘটনা নয়। এটা একেবারে পরিকল্পিত অগ্নিসংযোগ। এখানে উদ্দেশ্য প্রণোদিতভাবে আগুন লাগানো হয়েছে। গোটা ঘটনা তদন্ত হওয়া দরকার। রাজ্যে এখন গোটা প্রশাসনিক ব্যবস্থা ভেঙে পড়েছে।" শুভেন্দু অধিকারীর এই বক্তব্য ঘিরে রাজনৈতিক মহলে বিতর্ক তৈরি হয়েছে। তৃণমূল কংগ্রেসের পক্ষ থেকে এই বক্তব্যের তীব্র প্রতিবাদ জানানো হয়েছে। দলীয় মুখপাত্র কুণাল ঘোষ বলেন, "মানুষের দুঃখ-দুর্দশা নিয়েও রাজনীতি করছেন শুভেন্দু অধিকারী। তদন্ত না জেনেই এমন মন্তব্য করা একেবারেই দায়িত্বজ্ঞানহীন। আমরা চাই ঘটনার নিরপেক্ষ তদন্ত হোক।

## আপাতকালীন পরিষেবা তালিকাসূচী

**Emergency Contacts**
Ambulance - 102
Ambulance (Ramkrishna Club) - 9735697689
Child Line - 112
Canning PS - 03218-255221
FIRE - 9064495235

**Contacts of Hospital, Nursing Home & Doctors**
Canning S.D Hospital - 03218-255352
Dipanjan Nursing Home - 03218-255691
Green View Nursing Home - 03218-255550
A.K.Moolal Nursing Home - 03218-315247
Binapani Nursing Home - 9732545652
Nazat Nursing Home, Taldi - 9143032199
Welcome Nursing Home - 9733593488
Dr. Bikash Sapui - 03218-255269
Dr. Biren Mondal - 03218-255247
Dr Arun Dulal Paul - 03218 - (Cham) 253219
(Re) 255548
Dr. Phani Bhusan Das - 03218 - 255364,
(Cham) 255264
Dr. A.K. Bhartacherjee - 03218-255518
Dr. Lokenath Sa - 03218-255660

**Administrative Contacts**
SP Office - 033-24330010
SDO Office - 03218-255340
SDPO Office - 03218-285398
BDO Office - 03218-255205

**Contacts of Railway Stations & Banks**
Canning Railway Station - 03218-255275
SBI (Canning Town) - 03218-255216,255218
PNB (Canning Town) - 03218-255231
Mahila Co-operative Bank - 03218-255134
WB State Co-operative - 03218-255239
Bandhan Bank - Mob. No. 7596012991
Axix Bank - 03218-255352
Bank of Boroda, Canning - 03218-257888
ICICI Bank, Canning - 03218-255206
HDFC Bank, Canning Hos. More - 9088107808
Bank of India, Canning - 03218 - 245091

## রাত্রিকালীন ঔষধ পরিষেবার তালিকাসূচী (ক্যানিং)

প্রতি মাসের এই তারিখে এই সমস্ত দোকান খোলা থাকবে

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 01 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 02 ভারত মেডিকেল হল | 03 সন্ধ্যা মেডিকেল হল | 04 ভারত মেডিক্যাল হল | 05 ঘোষ মেডিকেল | 06 ঔষধ ঘর |
| 07 আরোগ্য মেডিক্যাল | 08 মেডিকেয়ার ফার্মেসী | 09 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 10 জীবন জ্যোতি ফার্মেসী | 11 সিনহা মেডিকেল হল | 12 গোকুল ফার্মেসী |
| 13 ঔষধ ঘর | 14 সৌভিক ফার্মেসি | 15 নির্মলা মেডিকেল হল | 16 মাতৃ ফার্মেসী | 17 ইউনিক ফার্মেসী | 18 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি |
| 19 ঘোষ মেডিকেল | 20 সৌভিক ফার্মেসি | 21 আরোগ্য মেডিকেল | 22 মেডিকেয়ার ফার্মেসী | 23 শোভা মেডিকেল হল | 24 প্রমিলা মেডিকেল কর্নার |
| 25 সিনহা মেডিকেল হল | 26 ঘোষ মেডিকেল | 27 মাতৃ ফার্মেসী | 28 সৌভিক ফার্মেসি | 29 নির্মলা মেডিকেল হল | 30 মাতৃ ফার্মেসী |



# তড়িঘড়ি মিটিং থেকে বেরিয়ে এলেন ট্রাম্প, যুদ্ধের আশঙ্কা?

**স্টাফ রিপোর্টার, রোজদিন**

সোমবার হোয়াইট হাউস ঘোষণা করেছে যে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প কানাডায় অনুষ্ঠিত গ্রুপ অফ সেভেন শীর্ষ সম্মেলন থেকে একদিন আগেই ফিরে যাচ্ছেন। দিন দিন বেড়েই চলেছে ইজরায়েল ও ইরানের সংঘর্ষের তীব্রতা। এহেন পরিস্থিতির কথা বিবেচনা করেই এই সিদ্ধান্ত নিলেন মার্কিন প্রেসিডেন্ট।এদিকে, পশ্চিম এশিয়ার আকাশে ক্রমশ ঘন হচ্ছে মহাযুদ্ধের মেঘ। দিন দিন বেড়েই চলেছে ইজরায়েল ও ইরানের সংঘর্ষের তীব্রতা। এমনকী তেহরানে লাইভ নিউজ চলাকালীন সংবাদমাধ্যমের অফিসেও আছড়ে পড়েছে ইজরায়েলের মিসাইল। শুক্রবার ইরানের পরমাণু কেন্দ্র ও সামরিক ঘাঁটি লক্ষ্য করে প্রথমে এয়ার স্ট্রাইক করে ইজরায়েল। পাল্টা ড্রোন ও ব্যালিস্টিক



মিসাইলে জবাব দেয় ইরান। এর জেরে ইরানে এখনও পর্যন্ত ২৩০ জনের বেশি মানুষের মৃত্যু হয়েছে। চারদিন ধরে দু'পক্ষের হামলা, পাল্টা হামলা চলছে, বাড়ছে মৃত্যু মিছিলও।

বিশেষজ্ঞদের মতে, এখন সবটাই নির্ভর করছে আমেরিকার ভূমিকার উপর। প্রেসিডেন্ট ট্রাম্প 'দূরত্ব' বজায় রাখবেন না কি সরাসরি যুদ্ধে যোগ দেবেন, তার উপরেই নির্ভর করছে ইরান-ইজ়রায়েল সংঘাত কত দিন জারি থাকবে।সাংবাদিকদের প্রশ্নের উত্তরে তিনি বলেন, "আমাকে তাড়াতাড়ি ফিরে আসতে হবে - স্পষ্ট কারণে"।

হোয়াইট হাউসের প্রেস সেক্রেটারি ক্যারোলিন এক্স-এ জানিয়েছেন, 'অনেক কিছু হয়ে চলেছে প্রতিনিয়ত। প্রেসিডেন্ট ট্রাম্প রাষ্ট্রপ্রধানদের সঙ্গে ডিনার সেরেই ফিরে আসবেন'। ইতিমধ্যেই ট্রাম্প সকলকে যত দ্রুত সম্ভব তেহরান ত্যাগ করার আহ্বান জানিয়েছেন।

কানাডায় G7 শীর্ষ সম্মেলনের মধ্যে, ট্রাম্প ট্রুথ সোশ্যালে পোস্ট করেছেন। সেখানে মার্কিন প্রেসিডেন্ট লিখেছেন, 'ইরানকে আমি যে চুক্তি স্বাক্ষর করতে বলেছিলাম সেটায় স্বাক্ষর করা উচিত ছিল। কী লজ্জাজনক এখনের পরিস্থিতি। মানুষের জীবনের অপচয়। সহজভাবে বলতে গেলে, ইরানের কাছে পারমাণবিক অস্ত্র থাকতে দেওয়া যায় না। আমি বারবার বলেছি। সকলের অবিলম্বে তেহরান ত্যাগ করা উচিত!'

ফরাসি প্রেসিডেন্ট ইমানুয়েল ম্যাক্রোঁ ট্রাম্পের এই সিদ্ধান্তকে স্বাগত জানিয়েছেন। পশ্চিম এশিয়ায় সংঘর্ষবিরতি নিশ্চিত করতেই এই সিদ্ধান্ত মনে করছেন তিনি। ম্যাক্রোঁ বলেছেন যে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ইজরায়েল ও ইরানের মধ্যে যুদ্ধবিরতির প্রস্তাব দিয়েছেন।

## শেখ খলিফাতুল্লাহ এআইপিটিডব্লিউএফ-এর রাজ্য চেয়ারম্যান হলেন



**কলকাতা/নয়াদিল্লি**

অল ইন্ডিয়া পোর্ট ট্রাস্ট ওয়ার্কার্স ফেডারেশনের শেখ খলিফাতুল্লাহ ভাশা কে অন্ধ্রপ্রদেশের রাজ্য চেয়ারম্যান নিযুক্ত করা হয়েছে। আজ ফেডারেশনের জাতীয় চেয়ারম্যান অর্ণব চ্যাটার্জি উপরোক্ত তথ্য জানান। নয়াদিল্লিতে আয়োজিত "বিকশিত ভারত - সাধারণ মানুষের জন্য ১১ বছরের শাসন" মঞ্চে উপরোক্ত নিয়োগ করা হয়। এই সময় ভারতীয় জনতা মজদুর সেল-এর (বিজেএমসি) জাতীয় সম্পাদক এন. প্রশান্ত, সেল -এর জাতীয় যুব সভাপতি দীপক শর্মা, সেল-এর জাতীয় সম্পাদক আরমান গাঙ্গুলি এবং অন্যান্যরা বক্তব্য রাখেন এবং শ্রমিক আন্দোলনকে শক্তিশালী করার দিকে বক্তারা বক্তব্য রাখেন।

## যোগ স্বাস্থ্য মন্দিরের সঙ্গে সিবিসি ও পিআইবি কলকাতায় আন্তর্জাতিক যোগ দিবসের পূর্বসূচনা অনুষ্ঠান আয়োজন করল

**কলকাতা, ১৭ জুন ২০২৫**

আন্তর্জাতিক যোগ দিবস ২০২৫-কে সামনে রেখে আজ কলকাতার যোগ স্বাস্থ্য মন্দিরে একটি বিশেষ যোগাভ্যাস কর্মসূচির আয়োজন করা হয়। সেন্ট্রাল ব্যুরো অফ কমিউনিকেশন (সিবিসি) ও প্রেস ইনফরমেশন ব্যুরো (পিআইবি), কলকাতা, স্বনামধন্য যোগ সংস্থা যোগ স্বাস্থ্য মন্দিরের সহযোগিতায় এই অনুষ্ঠানের আয়োজন করে।।

এই কর্মসূচিতে উপস্থিত ছিলেন পিআইবি ও সিবিসি-র অতিরিক্ত মহাপরিচালক শ্রীমতী জেন নামচু, সিবিসি কোলকাতার সহকারী পরিচালক শ্রী মৃণালকান্তি হাইত সহ অন্যান্য আধিকারিকরা। যোগ অনুষ্ঠান পরিচালনা করেন যোগ প্রশিক্ষক ডঃ তুষার শীল। তিনি অংশগ্রহণকারীদের সাধারণ যোগ নির্দেশিকা অনুযায়ী পরিচালিত করেন এবং শারীরিক ও মানসিক স্বাস্থ্যের জন্য উপকারি বিভিন্ন আসন দেখান।

অংশগ্রহণকারীদের স্বাগত জানিয়ে ডঃ শীল বলেন, "ভারতের প্রাচীন ঐতিহ্য যোগ আজ আন্তর্জাতিক স্বীকৃতি পেয়েছে। এটি এখন বিশ্বব্যাপী এক স্বাস্থ্য আন্দোলনে পরিণত হয়েছে। যোগ শারীরিক ও মানসিক স্বাস্থ্যের পক্ষে অত্যন্ত উপকারি, বিশেষ করে তাঁদের জন্য যাদের কাজের চাপ বেশি।"

এই উপলক্ষে বক্তব্য রাখতে গিয়ে শ্রীমতী জেন নামচু যোগের উদ্দীপক শক্তির কথা বলেন এবং সরকারি কর্মচারীদের প্রতিদিন নিয়মিত যোগাভ্যাসের মাধ্যমে আরও সুস্থ জীবনযাপন করতে বিশেষভাবে উৎসাহ দেন।

এই কর্মসূচিতে তথ্য ও সম্প্রচার মন্ত্রকের আওতাধীন দুই দপ্তরের আধিকারিকরা সক্রিয় ভাবে অংশগ্রহণ করেন। উপস্থিত ছিলেন যোগ কেন্দ্রের সদস্যরাও। এটি যোগকে জীবনের অংশ করে সামগ্রিক স্বাস্থ্য অর্জনের পথে এগিয়ে নিয়ে যাওয়ার সম্মিলিত প্রচেষ্টা, এবং এই উদ্যোগ আন্তর্জাতিক যোগ দিবস (২১ জুন ২০২৫)-এর এক গুরুত্বপূর্ণ পূর্বসূচনা।

# সিনেমার খবর

## মুক্তির আগেই রেকর্ড গড়ছে 'হাউসফুল ৫'

**স্টাফ রিপোর্টার, রোজদিন**

আসন্ন ঈদ উপলক্ষে বলিউডে মুক্তি পেতে যাচ্ছে জনপ্রিয় কমেডি ফ্র্যাঞ্চাইজি 'হাউসফুল' সিরিজের পঞ্চম কিস্তি 'হাউসফুল ৫'। আর মুক্তির আগেই ছবিটি একের পর এক রেকর্ড ভেঙে ফেলছে। ট্রেলার, গান, টিজার প্রকাশের পর থেকে সোশ্যাল মিডিয়ায় সাড়া জাগিয়েছে সিনেমাটি।



অক্ষয় কুমারকে কেন্দ্র করে গড়ে ওঠা এই সিক্যুয়ালে বলিউডের এক ঝাঁক জনপ্রিয় তারকা যুক্ত হয়েছেন।

অভিনয় করছেন- অভিষেক বচ্চন, রিতেশ দেশমুখ, সঞ্জয় দত্ত, জ্যাকি শ্রফ, নানা পাটেকার, ফারদিন খান, চাঙ্কি পান্ডে, জ্যাকলিন ফার্নান্দেজ, সোনম বাজওয়া, চিত্রাঙ্গদা সিং, শ্রেয়স তালপাড়ে, জনি লিভার ও রণজিত।

সিনে বিশ্লেষকদের দাবি, ছবিটি মুক্তির দিন থেকেই বক্স অফিসে সুনামি তুলতে পারে। বহুদিন পর অক্ষয় কুমারকে একটি বড় বাজেটের ব্লকবাস্টার হিট সিনেমায় দেখা যেতে পারে বলেও মনে করছেন তারা।

বাণিজ্যভিত্তিক ওয়েবসাইট স্যাকনিল্ক জানিয়েছে, মুক্তির মাত্র দুই দিন আগেই (৪ জুন সন্ধ্যা পর্যন্ত) 'হাউসফুল ৫' সিনেমাটির অগ্রিম টিকিট বিক্রি হয়েছে ১ লাখ ১৬ হাজারের বেশি। এতে প্রথম দিনেই আয় ছাড়িয়েছে ৩ কোটি টাকা, আর ব্লক সিটের হিসেব মিলিয়ে মোট অগ্রিম আয় দাঁড়িয়েছে ৮ কোটি ৪৮ লক্ষ টাকায়। যা বলিউডের পূর্ববর্তী সব রেকর্ডকে ছাড়িয়ে যেতে চলেছে।

দর্শকদের বাড়তি আকর্ষণ হিসেবে সিনেমাটি মুক্তি পাচ্ছে দুটি আলাদা ক্লাইম্যাক্স নিয়ে। প্রথম দিন এটি দেখা যাবে টু-ডি ফরম্যাটে, এরপর নির্দিষ্ট হলে চালানো হবে ফোর-কে ভার্সন। সিনেমাটির জন্য ১১ হাজারের বেশি শো নির্ধারণ করা হয়েছে বিভিন্ন প্রেক্ষাগৃহে।

## জন্মদিনে মহাকাশ ভ্রমণে যাচ্ছেন শিল্পা শেঠি!

**স্টাফ রিপোর্টার, রোজদিন**

বলিউড অভিনেত্রী শিল্পা শেঠির জন্মদিনে চমকপ্রদ উপহার দিলেন তার স্বামী, ব্যবসায়ী রাজ কুন্দ্র। ৮ জুন ৫০ বছরে পা দিয়েছেন এই অভিনেত্রী। দিনটিকে স্মরণীয় করে রাখতে রাজ নিয়েছেন এক অভিনব উদ্যোগ—স্ত্রীকে নিয়ে মহাকাশ ভ্রমণের পরিকল্পনা করছেন তিনি।




ভারতীয় সংবাদমাধ্যম আনন্দবাজার জানিয়েছে, জন্মদিনের এই বিশেষ মাসে শিল্পাকে সারপ্রাইজ দিতে চান রাজ কুন্দ্র। যদিও এখনো পর্যন্ত মহাকাশ যাত্রার বিষয়টি আনুষ্ঠানিকভাবে ঘোষণা করা হয়নি, তবে রাজের ঘনিষ্ঠ সূত্রে জানা গেছে, পরিকল্পনাটি বেশ গুরুত্বের সঙ্গেই এগোচ্ছে।

রাজ কুন্দ্র রবিবার (৮ জুন) ইনস্টাগ্রামে শিল্পাকে উদ্দেশ করে লেখেন,"হ্যালো জুন, এ মাস আমাকে আমার সবচেয়ে বড় আশীর্বাদ দিয়েছে। তোমার জন্মদিনের মাস শুরু হওয়ার সাথে সাথে আমি শুধু বলতে চাই, তোমার সঙ্গে প্রতিটি দিন উদ্‌যাপনের মতো মনে হয়। তুমি আমার জীবনকে ভালোবাসা, শক্তি ও হাসিতে ভরিয়ে দিয়েছো। আর অপেক্ষা করতে পারছি না, তোমার সারা মাস উদ্‌যাপনের।"

এই পোস্টের পরই মহাকাশ ভ্রমণের গুঞ্জন আরও জোরালো হয়। তবে রাজ ও শিল্পার সন্তানরা এই যাত্রায় সঙ্গী হবেন কি না, সে বিষয়ে কিছু জানা যায়নি।

উল্লেখ্য, রাজ কুন্দ্র তার প্রথম স্ত্রীর সঙ্গে বিচ্ছেদের পর বলিউডের জনপ্রিয় অভিনেত্রী শিল্পা শেঠিকে ভালোবেসে বিয়ে করেন। তাদের সংসারে রয়েছে এক ছেলে ও এক মেয়ে।

## যে কারণে দেড়শ কোটি টাকার প্রস্তাব ফেরালেন নয়নতারা



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

ভারতের দক্ষিণী সিনেমায় সবচেয়ে বেশি পারিশ্রমিক পাওয়া অভিনেত্রীদের অন্যতম নয়নতারা। প্রতি সিনেমার জন্য ১০-১২ কোটি রুপি পারিশ্রমিক নিয়ে থাকেন তিনি। নয়নতারা গত কয়েক বছর খুব বেশি সিনেমায় অভিনয় করেননি; যা করেছেন তাও বেছে বেছে। এবার প্রায় দেড়শ কোটি টাকার প্রস্তাব ফিরিয়ে দিলেন এই অভিনেত্রী। বিষয়টি নিয়ে দক্ষিণী ফিল্ম ইন্ডাস্ট্রিতে জোর চর্চা চলছে।

জানা গেছে, নয়নতারা যে অভিনেতার প্রস্তাব প্রত্যাখ্যান করেছেন, তার নাম সারাভানান। সারাভানান স্টোরসের মালিক তিনি। ২০২২ সালে, 'দ্য লিজেন্ড' সিনেমায় নায়কের চরিত্রে অভিনয় করেন সারভানান।

এটি বড় বাজেটের সিনেমা ছিল। এতে বলিউড অভিনেত্রী উর্বশী রাউতেলা অভিনয় করেন। সিনেমাটিতে ঝলমলে দৃশ্য যেমন ছিল, তেমনি ছিল তারকাবহুল। কিন্তু প্রেক্ষাগৃহে মুক্তির পর এটি সফলতার মুখ দেখেনি।

সারাভানান আরেকটি সিনেমা নির্মাণের পরিকল্পনা করছেন। নায়িকা চরিত্রে অভিনয়ের জন্য নয়নতারার কাছে প্রস্তাব নিয়ে গিয়েছিলেন। আলাপচারিতায় সারভানান জানান, যত টাকা লাগে নেন। ১০০ কোটি রুপি (বাংলাদেশি মুদ্রায় ১৪২ কোটি ৫৩ লাখ টাকার বেশি) দিতেও রাজি আছি। কিন্তু নয়নতারা স্পষ্টভাবে 'না' বলে দেন।

চলচ্চিত্রের কাজ হাতে নেওয়ার সময়ে শক্তিশালী গল্প ও গুণী পরিচালক কিনা, তা খতিয়ে দেখেন নয়নতারা। শুধু অর্থ নয়, অর্থপূর্ণ কাজে বিশ্বাসী তিনি। সারাভানানের কাছে টাকা ছিল, তবু তিনি মনে করেননি সিনেমাটি তার জন্য সঠিক।

কিছুটা বিরতি নিয়ে আটটি সিনেমার কাজ হাতে নিয়েছেন নয়নতারা। এর মধ্যে তামিল-মালায়ালাম ভাষার দুটো সিনেমার কাজ শেষ করেছেন। 'মেগা ১৫৭', 'হিট', 'টক্সিক'সহ ছয়টি সিনেমার কাজ নিয়ে ব্যস্ত সময় পার করছেন এই অভিনেত্রী।

২০০৫ সালে 'আয়া' সিনেমার মাধ্যমে তেলেগু ফিল্ম ইন্ডাস্ট্রিতে অভিষেক ঘটে নয়নতারার। একই বছর নয়নতারা ৬টি সিনেমায় অভিনয় করেন। এর মধ্যে অন্যতম 'গজনি'। ২০০৮ সালে এ সিনেমার রিমেক হয় বলিউডে। তাতে দেখা যায় আমির খানকে। ২০০৬ সালে 'লক্ষ্মী' সিনেমার মাধ্যমে তেলেগু ফিল্ম ইন্ডাস্ট্রিতে পা রাখেন নয়নতারা। এ বছরও তাকে মোট ৬টি সিনেমায় দেখা যায়।

২০১০ সালে 'সুপার' সিনেমার মাধ্যমে কন্নড় ফিল্ম ইন্ডাস্ট্রিতে যাত্রা শুরু করেন। তবে বলিউডে অনেকবার কাজের প্রস্তাব পেয়েও তা প্রত্যাখান করেন নয়নতারা। সর্বশেষ শাহরুখ খানের 'জওয়ান' সিনেমার মাধ্যমে বলিউডে পা রাখেন। নয়নতারা অভিনীত সর্বশেষ মুক্তিপ্রাপ্ত সিনেমা 'টেস্ট'। গত ৪ এপ্রিল মুক্তি পায় এটি।

# ক্লাসেন জানালেন অবসরের নেপথ্য কারণ

স্টাফ রিপোর্টার, রোজদিন

মাত্র ৩৩ বছর বয়স। যেখানে বেশিরভাগ ব্যাটাররা ক্যারিয়ারের স্বর্ণযুগে প্রবেশ করেন, সেখানে হঠাৎ করেই আন্তর্জাতিক ক্রিকেটকে বিদায় বললেন দক্ষিণ আফ্রিকার মারকুটে ব্যাটার হেনরিখ ক্লাসেন। তার এই আকস্মিক সিদ্ধান্তে হতবাক ক্রিকেট বিশ্ব। এবার নিজের মুখেই জানালেন, কেন এমন সিদ্ধান্ত নিতে হলো।

দক্ষিণ আফ্রিকার হয়ে ২০১৮ সালে আন্তর্জাতিক ক্রিকেটে অভিষেক হয় ক্লাসেনের। এরপর থেকে তিনি দলের নির্ভরযোগ্য ব্যাটার হিসেবে পরিচিতি পান। বিশেষ করে ২০২৩ সাল থেকে ওয়ানডেতে সর্বাধিক রান করা ব্যাটার ছিলেন তিনি। তারপরও এপ্রিল মাসে তাকে বাদ দেওয়া



হয় কেন্দ্রীয় চুক্তি থেকে।


এমন সিদ্ধান্তেই ধীরে ধীরে ক্লাসেনের মনে তৈরি হয় ক্ষোভ। সম্প্রতি এক সাক্ষাৎকারে ক্লাসেন বলেন, 'অনেক দিন ধরেই অনুভব করছিলাম, পারফরম্যান্স যাই হোক, আমার গুরুত্ব কমে যাচ্ছে। দল জিতুক বা হারুক, তাতে আমার অবদান যেন তেমন গুরুত্ব পাচ্ছিল না। এ রকম পরিবেশে থাকা কষ্টকর।'

তবে তার অবসরের পেছনে আরও বড় কারণ ছিল দক্ষিণ আফ্রিকা ক্রিকেট বোর্ডের সঙ্গে সম্পর্কের টানাপোড়েন। মূলত ফ্র্যাঞ্চাইজি ভিত্তিক টি-টোয়েন্টি লিগে খেলা নিয়েই বোর্ডের সঙ্গে দ্বন্দ্ব শুরু হয়। এ ছাড়া কোচিং স্টাফে বড় পরিবর্তনও তার পরিকল্পনাকে বাধাগ্রস্ত করে।

ক্লাসেন জানান, 'রব ওয়াল্টারের সঙ্গে আমার দীর্ঘ আলোচনা হয়েছিল। আমরা ২০২৭ বিশ্বকাপ পর্যন্ত পরিকল্পনা করেছিলাম। কিন্তু তাকে সরিয়ে দেওয়া এবং সাদা বলের দায়িত্বে শুক্রি কনরাডকে আনা—এসবের পর আমার ক্যারিয়ার নিয়ে অনিশ্চয়তা তৈরি হয়। এরপর বোর্ডের সঙ্গে নতুন করে চুক্তির আলোচনা ফলপ্রসূ না হওয়ায় সিদ্ধান্ত নেওয়া সহজ হয়ে যায়।'

গত বছর টেস্ট থেকে অবসর নেওয়া ক্লাসেন এবার ওয়ানডে ও টি-টোয়েন্টি থেকেও সরে দাঁড়ালেন। ক্যারিয়ারে তিনি ৪টি টেস্ট, ৬০টি ওয়ানডে এবং ৫৮টি টি-টোয়েন্টি ম্যাচ খেলেছেন। যেখানে তার সংগ্রহ যথাক্রমে ১০৪, ২১৪১ ও ১০০০ রান।

## পর্তুগালকে নেশন্স লিগ জিতিয়ে কাঁদলেন রোনালদো



স্টাফ রিপোর্টার, রোজদিন

মিউনিখের আলিয়াঞ্জ অ্যারেনায় অনুষ্ঠিত রোমাঞ্চকর ফাইনালে টাইব্রেকারে স্পেনকে ৫-৩ গোলে হারিয়ে উয়েফা নেশনস লিগের শিরোপা ঘরে তুলেছে পর্তুগাল। এই জয়ের মাধ্যমে প্রথম দল হিসেবে দ্বিতীয়বার নেশনস লিগ জয়ের অনন্য কীর্তি গড়ল ক্রিশ্চিয়ানো রোনালদোর দল।

২০১৯ সালে নেদারল্যান্ডসকে হারিয়ে প্রথমবার এই শিরোপা জিতেছিল পর্তুগাল। এবারের ফাইনালেও তারা প্রমাণ করল কেন তারা ইউরোপের অন্যতম সেরা দল।

ম্যাচের ২১ মিনিটে মার্তিন জুবিমেন্দির গোলে এগিয়ে যায় স্পেন। তবে পাঁচ মিনিটের ব্যবধানে নুনো মেন্দেস গোল করে পর্তুগালকে সমতায় ফেরান। প্রথমার্ধ শেষ হওয়ার ঠিক আগমুহূর্তে মিকেল ওইয়ারসাবালের গোলে আবারও এগিয়ে যায় স্পেন।

দ্বিতীয়ার্ধের ৬১ মিনিটে হেড করে ম্যাচে সমতা ফেরান রোনালদো। এরপর দুই দল আর কোনো গোল না পাওয়ায় খেলা গড়ায় অতিরিক্ত সময় এবং সেখান থেকেও নিষ্পত্তি না হওয়ায় ম্যাচ চলে যায় টাইব্রেকারে। টাইব্রেকারে পর্তুগালের পক্ষে জালের দেখা পান গনসালো রামোস, ভিতিনিয়া, ব্রুনো ফের্নান্দেস, নুনো মেন্দেস ও রুবেন নেভেস। স্পেনের হয়ে সফল শট নেন মিকেল মেরিনো, আলেক্স বায়েনা ও ইসকো। তবে আলভারো মোরাতার শট ফিরিয়ে দেন পর্তুগিজ গোলরক্ষক দিয়েগো কস্তা, যা পর্তুগালের জয়ের পথ সুগম করে।

জয়ের পর আবেগ ধরে রাখতে পারেননি রোনালদো। ট্রফি হাতে নিয়ে দেখা যায় তাকে অশ্রুসজল। তবে এই কান্না ছিল নিঃসন্দেহে আনন্দের।

## কোচ না বদলালে জাতীয় দলের হয়ে খেলবেন না লেভানদোভস্কি!


স্টাফ রিপোর্টার, রোজদিন

জাতীয় দলের কোচের সঙ্গে তীব্র দ্বন্দ্বে জড়িয়ে পড়েছেন পোল্যান্ডের ফুটবল কিংবদন্তি রবার্ট লেভানদোভস্কি। বর্তমান কোচ মিখাউ প্রোবিয়েজ দায়িত্বে থাকা অবস্থায় আর জাতীয় দলের হয়ে খেলবেন না বলে স্পষ্ট জানিয়ে দিয়েছেন বার্সেলোনা স্ট্রাইকার।

৩৬ বছর বয়সী এই তারকা জানিয়েছেন, শারীরিক ও মানসিক ক্লান্তির কারণে আপাতত জাতীয় দলের হয়ে খেলছেন না তিনি। তবে এই বিরতির পেছনে বড় কারণ হিসেবে উঠে এসেছে কোচের সঙ্গে তার সম্পর্কের অবনতি।

সম্প্রতি কোচ প্রোবিয়েজ লেভানদোভস্কিকে অধিনায়কের পদ থেকে সরিয়ে ইন্টার মিলানের পিওতর জেলেনস্কিকে নতুন অধিনায়ক হিসেবে নিয়োগ দেন। এরপরই ক্ষোভে ফেটে পড়েন পোল্যান্ডের সর্বোচ্চ গোলদাতা।

সামাজিক যোগাযোগমাধ্যমে দেয়া এক বিবৃতিতে লেভানদোভস্কি বলেন, পরিস্থিতি বিবেচনায় এবং কোচের প্রতি আস্থা হারানোর কারণে আমি সিদ্ধান্ত নিয়েছি, যতদিন তিনি দায়িত্বে থাকবেন, আমি পোল্যান্ড জাতীয় দলের হয়ে খেলব না। আমি আশা করি, বিশ্বের সেরা সমর্থকদের হয়ে আবার খেলতে পারব।



চোট থেকে ফিরে ক্লাব বার্সেলোনার হয়ে মৌসুম শেষ দিকে পারফর্ম করলেও, জাতীয় দলের হয়ে জুনে মোলদোভার বিপক্ষে প্রীতি ম্যাচ এবং ফিনল্যান্ডের বিপক্ষে বিশ্বকাপ বাছাই ম্যাচে অনুপস্থিত ছিলেন তিনি।

এ নিয়ে গণমাধ্যমকে লেভানদোভস্কি জানান, ইনজুরি থেকে ফেরার পর কোচকে জানিয়েছিলাম, আমি শারীরিকভাবে ভালো অনুভব করছি না... বিশেষ করে মানসিকভাবে।

তবে কোচ এ ব্যাপারটি ভালোভাবে নেননি। বরং অধিনায়ক বদলসহ নতুনভাবে দল সাজানোর পরিকল্পনা করেন তিনি, যা থেকেই পরিস্থিতি আরও জটিল হয়।

উল্লেখ্য, রবার্ট লেভানদোভস্কি পোল্যান্ড জাতীয় দলের ইতিহাসে সর্বোচ্চ ম্যাচ খেলা (১৫৮) ও সর্বোচ্চ গোল (৮৫) করা ফুটবলার।

● স্বত্বাধিকারী, প্রকাশক এবং মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ● সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৪৩৮২০৩১
● Printed, Published and Owned by MRITYUNJOY SARDAR ● Printed by Queen Press - Hedia, P.O. : Uttar Moukhali, P.S. : Jibantala, Dist. : South 24 Parganas, Pin : 743329
and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 & 19D, Jamir Lane, Kolkata -700 019 ● Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR